

পরিশিষ্ট - ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
আজিমপুর, ঢাকা।

স্মারক নং: পপঅ/উঃ ও সঃ-১/২০০৪/৩০৩১/৪৯৮

তারিখ: ২০/০৬/২০০৪ ইং

## সার্কুলার

বিষয়: পরিবার পরিকল্পনা কার্যক্রম জননিরোধক সামগ্রী ও এমএসআর ইত্যাদি সরবরাহের স্তর পুনর্গঠন ও সরবরাহ এলাকা পুনর্বিভাগ্যাস।

পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের সামগ্রী মজুদ ও সরবরাহের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর ১৯৮০ সন হতে পাঁচ স্তরের, যথা কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগার, উপজেলা গুদাম ও সেবাদান কেন্দ্র সমন্বিত লজিস্টিকস্ ব্যবস্থা প্রবর্তন করে। জেলা রিজার্ভ স্টোর শুরু থেকেই দুই বা ততোধিক জেলায়, যেমন, ময়মনসিংহ জেলা রিজার্ভ স্টোর ময়মনসিংহ জেলা ছাড়াও নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলায়, সিলেট রিজার্ভ স্টোর সিলেট জেলা ছাড়া আরও তিনটি জেলায় এবং রংপুর জেলা রিজার্ভ স্টোর রংপুর জেলা ছাড়াও আরও ৪টি জেলার উপজেলাগুলোতে দ্রব্যাদি সরবরাহ করে আসছে। অতএব, জেলা রিজার্ভ স্টোরগুলো প্রথম থেকেই আঞ্চলিক পণ্যাগারের দায়িত্ব পালন করে আসছে।

পরিবার পরিকল্পনা সরবরাহ ব্যবস্থা নির্দিষ্ট দ্রব্য সঠিক স্থানে সময়মত গ্রহীতাদের নিকট সরবরাহ নিশ্চিত করে কেন্দ্র হতে উপজেলা পর্যন্ত জননিরোধক দ্রব্যাদির মজুদ শূন্যতা (Stock out rate) উল্লেখযোগ্য হারে কমিয়ে আনতে প্রভূত অবদান রেখেছে। বাংলাদেশ পরিবার পরিকল্পনা সরবরাহ ব্যবস্থাকে উন্নয়নশীল দেশের মধ্যে মডেল হিসেবে বিবেচনা করা হয়।

অর্জিত সাফল্য বজায় রেখে এবং বর্তমান সরবরাহ ব্যবস্থাকে আরও আর্থিকভাবে সফল, কার্যকরী ও টেকসই করার লক্ষ্যে আঞ্চলিক ও জেলা পণ্যাগারকে একীভূত করে আঞ্চলিক পণ্যাগার নামকরণ করা হলো। এখন হতে পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার সকল দ্রব্যাদির মজুদ ও সরবরাহ ৪ (চার) স্তরবিশিষ্ট লজিস্টিকস্ ব্যবস্থাপনা, যথা কেন্দ্র পুনর্গঠন সাথে সাথে কেন্দ্রীয় ও আঞ্চলিক পণ্যাগারের সরবরাহ এলাকা পুনর্বিভাগ্যাস এবং প্রত্যেক স্তরের জন্য সর্বনিম্ন ও সর্বোচ্চ মজুদমাত্রা পুনর্নির্ধারণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ সংস্কারের ফলে (১) ইনভেন্টরি পাইপলাইন ও দ্রব্যাদির ক্রয় খরচ ২০% কমবে, (২) পরিবহন ব্যয় ১০% কমবে, (৩) গুদামের সংরক্ষণ ক্ষমতা সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত হবে এবং (৪) পণ্যাগারগুলোর মধ্যে কাজের সমবিভাজন হবে।

এ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নিম্নোক্ত নির্দেশ দেয়া হলো:

- ক. পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবাদানের দ্রব্যাদি চার স্তরবিশিষ্ট সরবরাহ ব্যবস্থাপনা, যথা-কেন্দ্রীয়, আঞ্চলিক, উপজেলা ও সেবাদান কেন্দ্রের মাধ্যমে পরিচালিত হবে।
- খ. যোগাযোগ ব্যবস্থা বিবেচনা করে কেন্দ্রীয় ও আঞ্চলিক পণ্যাগারের জন্য সংযুক্ত তালিকা অনুযায়ী সরবরাহ এলাকা পুনর্বিভাগ্যাস করা হলো।
- গ. প্রত্যেক স্তরের জন্য সর্বনিম্ন ও সর্বোচ্চ মজুদ মাত্রা যথাক্রমে ২ ও ৩ মাসে পূর্ণনির্ধারণ করা হলো।
- ঘ. পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবা দানের দ্রব্যাদি কেন্দ্রীয় পণ্যাগার হতে সকল আঞ্চলিক পণ্যাগারে সরাসরি সরবরাহ করা হবে।

এ আদেশ ১ জুলাই ২০০৪ হতে কার্যকরী হবে।

স্বাক্ষরিত

মোঃ ফজলুর রহমান

মহাপরিচালক

স্মারক নং: পপঅ/উঃ ও সঃ-১/২০০৪/৩০৩১/৪৯৮/১(১৬০)

তারিখ: ২০/০৬/২০০৪ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে:

- ১। পরিচালক (প্রশাসন)/(অর্থ)/(এমসিএইচ-সার্ভিসেস)/(পরিকল্পনা)/(আইইএম)/(এমআইএস)/(নিরীক্ষা)/লাইন ডাইরেক্টর (ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস)/লাইন ডাইরেক্টর (পরিবার পরিকল্পনা ফিল্ড সার্ভিসেস), এই অধিদপ্তর।
- ২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা/চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম/রাজশাহী বিভাগ, রাজশাহী/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল ও সিলেট বিভাগ, সিলেট।
- ৩। তত্ত্বাবধায়ক (এমসিএইচটি আই)/পরিচালক (এমএফএসটিসি), ঢাকা।
- ৪। অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল) .....
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল) .....
- ৭। আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যগার, পরিবার পরিকল্পনা, (সকল) .....
- ৮। চীফ অব পার্ট, জে.এস.আই, হাউজ নং-৬, রোড নং-৯২, গুলশান, ঢাকা।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এই অধিদপ্তর।
- ১০। অফিস কপি।

স্বাক্ষরিত

(আলমগীর হোসেন উকিল)

পরিচালক (উপকরণ ও সরবরাহ) এবং  
লাইন ডাইরেক্টর (সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ)